

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
৮নং জায়লস্কর ইউনিয়ন পরিষদ কার্যালয়
ডাকঘর: সিলোনিয়া, উপজেলা: দাগনভূঞা, জেলা: ফেনী।
মোবাইল : ০১৭১১ ৩৩৩৮২৮. Email: mainuddinfeni75@gmail.com

স্মারক নং-জায়লস্কর/সভা/২০২৩-

তারিখ : ০৩ মে ২০২৩

জায়লস্কর ইউনিয়ন পরিষদের সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মামুনুর রশীদ, চেয়ারম্যান, জায়লস্কর ইউনিয়ন পরিষদ, দাগনভূঞা, ফেনী।

সভার স্থান : ইউপি কমপ্লেক্স ভবন মিলনায়তন। তারিখ : ০৩-০৫-২০২৩খ্রি, সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভার আলোচ্য বিষয় :

- ১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। ইউপি চেয়ারম্যানের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর প্রসঙ্গে আলোচনা।
- ৩। বিবিধ।

সভায় উপস্থিত সদস্য গণের স্বাক্ষর :

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মামুনুর রশীদ	চেয়ারম্যান	স্বাক্ষরিত
০২	জনাব সেলিনা মমতাজ	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৩	জনাব আঞ্জুমারা আক্তার	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৪	জনাব বিবি আয়েশা আক্তার	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৫	জনাব আবুল বাশার	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৬	জনাব মোহাম্মদ জামাল উদ্দিন	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৭	জনাব মোঃ জহির উদ্দিন	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৮	জনাব মোঃ ইউসুফ	ইউপি সদস্য	স্বাক্ষরিত
০৯	জনাব জসিম উদ্দিন	ইউপি সদস্য	স্বাক্ষরিত
১০	জনাব ইমরান হোসেন	ইউপি সদস্য	স্বাক্ষরিত
১১	জনাব মোহাম্মদ আবদুল হাকিম	ইউপি সদস্য	স্বাক্ষরিত
১২	জনাব নজরুল ইসলাম	ইউপি সদস্য	স্বাক্ষরিত
১৩	জনাব মোঃ নুরুল হুদা	ইউপি সদস্য	স্বাক্ষরিত

আলোচনা ও সিদ্ধান্ত :

- ০১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন :

সভাপতি সাহেব সকলকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর তিনি বিগত সভার কার্য বিবরণী পাঠ করে শোনান। এতে কোনরূপ সংশোধনী না থাকায় তাহা সর্ব সম্মত ভাবে গৃহিত হয়। এরপর সভাপতি সাহেব সকলকে আলোচ্য বিষয় সমূহ সম্পর্কে আলোচনায় অংশ নেওয়ার জন্য অনুরোধ জানান।

০২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সাহেবের “রোটারী ইন্টারন্যাশন কনভেনশন” এ যোগদানের জন্য বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর প্রসঙ্গে :

পরিষদ চেয়ারম্যান সাহেব সভাকে জানান যে, তিনি “রোটারী ইন্টারন্যাশন কনভেনশন” এ যোগদানের জন্য আগামী অক্টোবর গমন করবেন। তাই তার বহিঃবাংলাদেশ ছুটি প্রয়োজন। এ ব্যাপারে উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে চেয়ারম্যান “রোটারী ইন্টারন্যাশন কনভেনশন” এ যোগদানের আগামী ২৩.০৫.২০২৩খ্রি. তারিখ হতে ০৫.০৬.২০২৩খ্রি. তারিখ পর্যন্ত পরিষদ হতে ছুটি সর্বসম্মতিক্রমে মঞ্জুর করা হয়। উক্ত ছুটিকালীন সময়ে পরিষদ এর দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য ৫নং ওয়ার্ড সদস্য ও প্যানেল চেয়ারম্যান-১ জনাব জসিম উদ্দিনকে দায়িত্ব দেয়া হলো। চেয়ারম্যান সাহেবের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবরে অদ্যকার সভার সিদ্ধান্ত প্রেরণের জন্য সদস্যগণ অনুরোধ জানান।

০৩। বিবিধ :

সভাপতি সাহেব জানান যে, এ পরিষদেও ২,৪,৬,৮নং ওয়ার্ড এ কর্মরত গ্রামপুলিশগণের অবসরজনিত কারণে পদগুলো শূণ্য হয়েছে। মহল্লাদারদের পদ শূণ্য থাকায় আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণ সহ বিভিন্ন কাজে নানা মূখি সমস্যা হবে। সভায় ব্যাপক আলোচনার পর ২,৪,৬,৮নং ওয়ার্ডে মহল্লাদার পদে নিয়োগ দানের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বরাবর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য চিঠি প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী ইতিমধ্যে “মহল্লাদার” নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করেছেন। নিয়োগ প্রক্রিয়া চলমান।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। এবং উক্ত সভার কার্য বিবরণীর কপি সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণের জন্য সচিব সাহেবকে অনুরোধ জানান।

(মামুনুর রশীদ)

চেয়ারম্যান

জায়লস্কর ইউনিয়ন পরিষদ

দাগনভূঞা, ফেনী।

জনাব

ইউপি সদস্য, নং ওয়ার্ড (সকল)

জায়লস্কর ইউনিয়ন পরিষদ, দাগনভূঞা, ফেনী।

স্মারক নং-জায়লস্কর/সভা/২০২৩-

তারিখ : ০৭মে ২০২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। উপপরিচালক(উপসচিব)স্থানীয় সরকার, ফেনী।

০২। উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী

০৩। মোবারক হোসেন, উদ্যোক্তা, ইউডিসি, ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোড করার জন্য)।

০৪। নোটিশ বোর্ড।

০৫। অফিস কপি।

(মাস্টিন উদ্দিন)

সচিব

জায়লস্কর ইউনিয়ন পরিষদ

দাগনভূঞা, ফেনী।